গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
(নেজারত শাখা)
www.moulvibazar.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

এতদ্দারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার এবং এর আওতাধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের ২০তম গ্রেডের অফিস সহায়ক,নিরাপত্তা প্রহরী, পরিছন্নতা কর্মী এবং মালী পদে ১৮ (আঠার)টি শূন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে আগামী ৩০/১০/২০২৬ খ্রিস্টাব্দ, শুক্রবার সকাল ১০.০০ ঘটিকা হতে ১১.০০ ঘটিকা পর্যন্ত কাশীনাথ আলাউদ্দিন হাই স্কুল অ্যান্ড কলেজ, মৌলভীবাজার সরকারি উচ্চ বিদ্যালয়, দি ফ্লাওয়ার্স কেজি এন্ড হাই স্কুল এবং হাফিজা খাতুন বালিকা উচ্চ বিদ্যালয়, মৌলভীবাজারে লিখিত পরীক্ষা এবং ০১/১১/২০২৬ খ্রিস্টাব্দ, রবিবার মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।

উক্ত নিয়োগ কার্যক্রম সম্পূর্ণরূপে স্বচ্ছতা, মেধা ও নিরপেক্ষতার ভিত্তিতে সম্পন্ন করা হবে। এ নিয়োগের বিষয়ে দালাল বা প্রতারক চক্রের দ্বারা প্রলুব্ধ হয়ে কোন প্রকার অর্থ লেনদেন না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। যদি কেউ অর্থের বিনিময়ে চাকরি প্রদানের প্রলোভন দেখায়, তাহলে বিষয়টি তাৎক্ষণিকভাবে জেলা প্রশাসনের নজরে আনার জন্য অনুরোধ করা হলো। এ ধরনের কর্মকাণ্ডে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে প্রচলিত বিধান অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৬.১০.২০২৬

(তৌহিদুজ্জামান পাভেল)
জেলা প্রশাসক
মৌলভীবাজার
ফোন: ০২৪১১১০৪০২
ই-মেইল: dcmoulvibazar@mopa.gov.bd

CamScanner